আর্থিক সহায়তা নীতি - সহজবোধ্য সাবসংক্ষেপ

AtlantiCare Regional Medical Center (ARMC) – এর আর্থিক সহায়তা নীতি / কর্মসূচির (FAP) উদ্দেশ্য হচ্ছে উপযুক্ত রোগীদেরকে আংশিক বা সম্পূর্ণ – ছাড়ে ARMC বা এর সাথে উল্লেখযোগ্যভাবে সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠান (IRS – এর সংজ্ঞানুযায়ী) – কর্তৃক প্রদত্ত জরুরি বা অন্যান্য প্রয়োজনীয় চিকিত্সা সেবা প্রদান করা। ARMC ও এর সাথে উল্লেখযোগ্যভাবে সংশ্লিষ্ট যেকোনো প্রতিষ্ঠানকে এরপর থেকে ARMC হিসেবে উল্লেখ করা হয়েছে। আর্থিক সহায়তা প্রত্যাশী রোগীগণকে অবশ্যই কর্মসূচিটির জন্য আবেদন করতে হবে, কর্মসূচিটির সারসংক্ষেপ নিম্নে প্রদান করা হলো।

উপযুক্ত সেবাসমূহ – ARMC-কর্তৃক প্রদত্ত ও ARMC-এর বিল করা জরুরি বা অন্য কোন প্রয়োজনীয় চিকিত্সা সেবা। FAP কেবল ARMC-এর বিল করা সেবাগুলোর ক্ষেত্রেই প্রযোজ্য। অন্য প্রোভাইডারদের আলাদা বিল করা অন্যান্য সেবা, যেমন, ডাক্তার বা ল্যাবরেটরি পরীক্ষা, FAP-এর আওতায় পড়বে না।

<u>উপযুক্ত রোগীগণ</u> – উপযুক্ত সেবা পাওয়া রোগীগণ, যারা একটি সম্পূর্ণ আর্থিক সহায়তা আবেদন জমা দিয়েছেন (সংশ্লিষ্ট নখি/তখ্যসহ), এবং ARMC–কর্তৃক আর্থিক সহায়তার জন্য উপযুক্ত ঘোষিত রোগীগণ এই সেবা প্রাপ্তির উপযুক্ত বলে বিবেচিত হবেন।

<u>যেভাবে আবেদন করতে হবে</u> - FAP ও সংশ্লিষ্ট অন্যান্য আবেদন করম নিম্নোক্ত উপায়ে সংগ্রহ/পূরণ/জমা দিতে হবে:

- সাক্ষাতস্টি ছাডা হাসপাতাল ভবনের বা নিম্নোক্ত স্থানগুলোর যেকোনো নিবন্ধন ডেস্কে:
 - ARMC, Health Plex 1401 Atlantic Ave, Atlantic City, NJ, 08401। সোম থেকে শুক্রবার,
 সকাল 7:30 টা থেকে বিকেল 4:00টা। প্রথম তলায় বর্হিবিভাগের নিবন্ধন ডেক্ষে যান এবং আর্থিক সহায়তা বিভাগ কোখায় জানতে চান।
 - o ARMC Mainland Campus, 65 W. Jimmie Leeds Rd., Pomona, NJ, 08240। সোম থেকে শুক্রবার সকাল ৪:00টা থেকে বিকেল 5:00টা। হাসপাতাল লবি তখ্য ডেস্কে যান এবং আর্থিক সহায়তা বিভাগ কোখায় জানতে চান।
 - ARMC Health Park at Hammonton, 219 N. White Horse Pike, Hammonton, NJ, 08037। কেবল বুধবার, সকাল 8:00টা থেকে বিকেল 4:00টা। গ্রীয়ের সময় বুধ ও বৃহস্পতিবার সকাল 8:00টা থেকে বিকেল 4:00টা। জরুরি কক্ষ নিবন্ধন ডেক্ষে যান
 এবং আর্থিক সহায়তা বিভাগ কোখায় জানতে চান।
- ARMC-র Business Office Customer Service-এর 609-272-2500 এই নম্বরে ফোন করে আপনাকে নথি ডাকে পাঠানোর অনুরোধ করুন।।
- মেইলে নখিসমূহ পাঠানো অনুরোধ করুন: ARMC Finance Office, Attn: Business Office Customer Service, 65 W. Jimmie Leeds Rd, Pomona, NJ 08240।
- ARMC-এর ওমেবসাইট থেকে নথিগুলো ডাউনলোড করুন: <u>www.atlanticare.org/PLS</u>.
- পূরণকৃত আবেদন (আবেদন নির্দেশনায় উল্লিখিত সব নখি/তখ্যসহ) এই ঠিকানায় পাঠান: ARMC Finance Office, Attn: Business Office Customer Service, 65 W. Jimmie Leeds Rd, Pomona, NJ 08240.; অথবা উপরে মোটা হরফে লেখা স্থানগুলোতে নিজে গিয়ে দিয়ে আসুন।

<u>আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ</u> – সাধারণত, যোগ্য ব্যক্তিগণ তথলই আর্থিক সহায়তা পাবেন যথন তাদের আয় ফেডারেল সরকারের দারিদ্র নির্দেশিকায় (FPG) উল্লিথিত দারিদ্র স্তরের 400 ভাগ বা তার কম। <u>আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্যতার অর্থ হচ্ছে যোগ্য ব্যক্তিগণ তাদের গ্রহণ করা সেবার সম্পূর্ণ বা আংশিক থরচ পাবেন, এবং তাদের বিল আত্যন্তরীণ রাজস্ব সেবা বিভাগের IRC Section 501(r)-এ সংজ্ঞায়িত বীমাকৃত ব্যক্তিকে যে "পরিমাণ টাকা বিল করার কখা" তার চেয়ে বেশি হবে না। আর্থিক সহায়তার স্তর কেবল পারিবারিক আয় ও FPG-এর উপর ভিত্তি করে নির্ধারিত হয়:</u>

- পারিবারিক আয় FPG-এর ০ থেকে 3০০ ভাগ, সম্পদের শর্ভও অবশ্যই পূরণ করতে হবে। পূর্ণাঙ্গ আর্থিক সহায়তা; রোগীকে \$০
 বিল করা হবে।
- পারিবারিক আয় FPG-এর 300 থেকে 400 ভাগ হবে। আংশিক আর্থিক সহায়ভা; রোগীকে সর্বোদ্ভ AGB বিল করা য়াবে।
- বীমা-বিহীল কোল রোগীকে AGB-এর কম বা প্রাপ্ত সকল চিকিতসা সেবার 115 শতাংশ বিল করা যাবে।

দ্রষ্টব্য: FPG-এর বাইরের অন্যান্য মানদণ্ডও বিবেচনা করা হয় (যেমন, নগদ অর্থ থাকা অথবা নগদ করা যাবে এরূপ কোন সম্পদ থাকা, এবং মাসিক থানা থরচের চেয়ে মাসিক অবশিষ্ট আয়ের পরিমাণ বেশি হওয়া), যার ফলে নিয়মের ব্যতিক্রম করা হতে পারে। কোন পারিবারিক আয় উল্লেখ করা না হলে, প্রাত্যহিক প্রয়োজন কিভাবে মেটানো হয় তার তথ্য প্রদান করতে হবে। ARMC-এর আর্থিক পরামর্শ ও গ্রাহক সেবা বিভাগ জমাকৃত সম্পূর্ণ পূরণ করা আবেদনসমূহ পর্যালোচনা করবে, এবং ARMC-এর আর্থিক সহায়তা নীতি অনুযায়ী আর্থিক সহায়তা প্রাপ্তির যোগ্যতা নির্ধারণ করবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হয় না, কিন্তু আবেদনকারীকে তা জানানো হয় এবং অসম্পূর্ণ নির্থি/তথ্য প্রদানের সুযোগ দেওয়া হয়।

ARMC এছাড়াও এর FAP, FAP আবেদন ফরম এবং সহজবোধ্য সারসংক্ষেপটি ভিন্ন ভাষায় অনূবাদ করেছে যেখানে ARMC-এর কারণে স্ফতিগ্রস্ত জনগোষ্ঠী এবং ARMC-এর সেবার আওতাভুক্ত কম ইংরেজি জানা কমিউনিটির ন্যূনতম 1,000 ব্যক্তি অখবা 5 শতাংশ ব্যক্তির বলা প্রধান ভাষায় এটি অনূদিত হয়েছে। অনূদিত সংস্করণগুলো নিল্লোক্ত ঠিকানায় অনুরোধ করলে পাওয়া যাবে; এবং ARMC-এর ওয়েবসাইটেও পাওযা যাবে।

সহায়তা বা সাহায্যের জন্য অথবা প্রশ্ন থাকলে অনুগ্রহ করে পরিদর্শন করুন বা কল করুন: ARMC-এর Business Office Customer Service অফিসে 609-272-2500 এই নম্বরে বা মোটা হরফে উল্লিখিত স্থানগুলোর যেকোনোটিতে পরিদর্শন করে।